

# নির্বাচিত হাদিস

## আল্লাহ

مَفَاتِيْحُ الْجَنَّةِ شَهَادَةُ اَنْ لَّا اِلٰـهَ اِلَّا اللّٰـهُ ـ

জান্নাতের চাবি হলো- 'আল্লাহ ছাড়া কোনো ইলাহ্ নাই'-এ সাক্ষ্য দেয়া। [আহমদ]

শব্দার্থঃ 'ইলাহ' মানে- হুকুমকর্তা, আইনদাতা, আশ্রয়দাতা, ত্রাণকর্তা, উপাস্য, প্রার্থনা শ্রবণকারী।

اِنَّ اللّٰـهَ جَمِيْلٌ وَ يُحِبُّ الْجَمَالَ ـ

আল্লাহ সুন্দর! আর তিনি সৌন্দর্যকেই পছন্দ করেন। [সহীহ মুসলিম]

فْضَلُ الْكَلَامِ اَرْبَعٌ: سُبْحَانَ اللّٰـهِ وَ الْحَمْدُ لِلّٰ

لَا اِلٰـهَ اِلَّا اللّٰـهُ وَ اللّٰـهُ اَكْبَرُ ـ

শ্রেষ্ঠ কথা চারটিঃ


১. সুবহানাল্লাহ- আল্লাহ পবিত্র,

২. আল হামদুলিল্লাহ- সমস্ত প্রশংসা আল্লাহর,

৩. লা-ইলাহা ইল্লাল্লাহ- আল্লাহ ছাড়া কোনো ইলাহ্ নাই,

৪. আল্লাহু আকবর- আল্লাহ মহান। [সহীহ মুসলিম]





## নৈতিক চরিত্র

بُعِثْتُ لِأُتَمِّمَ مَكَارِمَ الْأَخْلَاقِ ـ

মহত চরিত্রের পূর্ণতা দানের জন্যে আমার আগমন। [মুআত্তায়ে মালিক]

শব্দার্থঃ 'আখলাকুন' ও 'খুলুকুন' মানে- নৈতিক চরিত্র, ব্যবহার, আচার আচরণ।

لَا حَسَبَ كَحُسْنِ الْخُلُقِ ـ

উত্তম চরিত্রের চাইতে বড় মর্যাদা আর নেই। [ইবনে হিব্বান]

أَكْمَلُ الْمُؤْمِنِيْنَ إِيْمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا ـ

ঈমানের পূর্ণতা লাভকারী মুমিন তারা, যাদের নৈতিক চরিত্র সর্বোত্তম। [মিশকাত]

## আল্লাহই যথেষ্ট

مَنْ تَوَكَّلَ عَلَى اللّٰهِ كَفَاهُ اللّٰهُ -

যে আল্লাহর উপর ভরসা করে, তার জন্যে আল্লাহই যথেষ্ট। [ইবনে মাজাহ]

## জ্ঞানী

اَلْعُلَمَاءُ وَرَثَةُ الْاَنْبِيَاءِ -

জ্ঞানীরা নবীদের উত্তরাধিকারী। [তিরমিযী]





## বিনয়

مَنْ تَوَاضَعَ لِلّٰهِ رَفَعَهُ اللّٰهُ

১. যে আল্লাহর উদ্দেশ্যে বিনয়ী হয়, আল্লাহ তার মর্যাদা বাড়িয়ে দেন। [মিশকাত]

## বিশ্বাস ভংগ করা

لَا تَخُنْ مَنْ خَانَكَ ـ

২. যে তোমার সাথে বিশ্বাস ভংগ করেছে, তুমি তার সাথে বিশ্বাস ভংগ করোনা। [তিরমিযী]



## সতর্কতা

لَا يُلْدَغُ الْمُؤْمِنُ مِنْ حَجَرٍ وَاحِدٍ مَرَّتَيْنِ

মুমিন এক পাথরে দুইবার হোঁচট খায়না। [সহীহ বুখারী]

## অট্টহাসি

اِنَّ كَثْرَةَ الضَّحَكِ تُمِيْتُ الْقَلْبَ

অধিক হাসাহাসি অন্তরকে মেরে ফেলে। [তিবরানী]

## সন্তান

اَكْرِمُوْا اَوْلَادَكُمْ وَاَحْسِنُوْا اَدَبَهُمْ

তোমাদের সন্তানদের মর্যাদা দান করো এবং তাদের সুন্দর আচার ব্যবহার শিখাও। [ইবনে হিব্বান]

## শক্তিমান কে?

اِنَّمَا الشَّدِيْدُ مَنْ يَّمْلِكُ نَفْسَهٗ عِنْدَ الْغَضَبِ

শক্তিশালী সে, যে রাগের সময় নিজেকে নিয়ন্ত্রণে রাখতে পারে। [সহীহ মুসলিম]

## সুধারণা কুধারণা

حُسْنُ الظَّنِّ مِنَ الْعِبَادَةِ -

সুধারণা করা একটি ইবাদত। [আহমদ]

اِيَّاكُمْ وَالظَّنِّ فَاِنَّ الظَّنَّ اَكْذَبُ الْحَدِيْثِ

অনুমান ও কুধারণা করা থেকে বিরত থাকো, কেননা অনুমান হলো বড় মিথ্যা কথা। [সহীহ বুখারী]





## বিশ্বাস ভংগ করা

لَا تَخُنْ مَنْ خَانَكَ -

যে তোমার সাথে বিশ্বাস ভংগ করেছে, তুমি তার সাথে বিশ্বাস ভংগ করোনা। [তিরমিযী]

## আনুগত্য ও নেতৃত্ব

مَنْ يُّطِعِ الْأَمِيْرَ فَقَدْ أَطَاعَنِيْ -

যে নেতার আনুগত্য করলো, সে আমারই আনুগত্য করলো। [সহীহ বুখারী]

## ভ্রাতৃত্ব


اَلْمُؤْمِنُ اَخُو الْمُؤْمِنِ -

মুমিন মুমিনের ভাই। [মিশকাত]

اَلْمُسْلِمُ اَخُو الْمُسْلِمِ -

মুসলমান মুসলমানের ভাই। [সহীহ বুখারী]

নাট ঃ এ দুটি হাদীসে ঈমান এবং ইসলামকে ভ্রাতৃত্বের ভিত্তি বলা হয়েছে।



اَلدِّيْنُ اَلنَّصِيْحَةُ ـ

দীন হলো- কল্যাণ কামনা। [সহীহ মুসলিম]

নোট ঃ দীন ইসলামের মূল কথা হলো, নিজের এবং সকল মানুষের দুনিয়াবী ও পরকালীন কল্যাণ চাওয়া।

مَنْ يُرِدِ اللّٰهُ بِهٖ خَيْرًا يُفَقِّهْهُ فِى الدِّيْنِ

আল্লাহ যার ভালো চান, তাকে দীনের সঠিক জ্ঞান দান করেন। [সহীহ বুখারী]



## সুকৃতি দুস্কৃতি

لَيْسَ مِنَّا مَنْ لَمْ يَأْمُرْ بِالْمَعْرُوْفِ وَيَنْهٰى عَنِ الْمُنْكَرِ -

৯০. যে ভালো কাজের আদেশ করেনা এবং মন্দ কাজ থেকে নিষেধ করেনা, সে আমার লোক নয়। [তিরমিযী]

## রসূল ও সুন্নাহ

خَيْرُ الْهَدْيِ هَدْيُ مُحَمَّدٍ -

সর্বোত্তম জীবন পদ্ধতি হচ্ছে মুহাম্মদ সাঃ প্রদর্শিত জীবন পদ্ধতি। [সহীহ মুসলিম]